

বাংলা-রুশ ও রুশ-বাংলা
আলাপ-সহায়িকা

**БЕНГАЛЬСКО-РУССКИЙ
И РУССКО-БЕНГАЛЬСКИЙ
РАЗГОВОРНИК**

А. П. ГНАТЮК-ДАНИЛЬЧУК
С. МАХФУЗУР РАХМАН
С. В. НЕВЕРОВ

БЕНГАЛЬСКО-РУССКИЙ И РУССКО-БЕНГАЛЬСКИЙ РАЗГОВОРНИК



МОСКВА
«РУССКИЙ ЯЗЫК»
1985

ছা. প. গ্নাত্যক-দানিলচুক

স. ঙাহফুজ্জুর রহমান

স. ড. নেডেরড

বাংলা-রুশ

ও রুশ-বাংলা

আলাপ-সহায়িকা



রুশ ভাষা প্রকাশন

মস্কে

১৯৮৫

ББК 81.2-4
Г 56

Рецензенты: М. С. Андронов, доктор фило-
логических наук
Пурнима Митро

**Гнатюк-Данильчук А. П., С. Махфузур
Рахман, Неверов С. В.**

Г 56 Бенгальско-русский и русско-бен-
гальский разговорник. — М.: Рус. яз.,
1985. — 616 с.

Разговорник предназначен гражданам Индии, Бангладеш и СССР, не владеющим соответственно русским или бенгальским языком.

Материал организован по тематическому принципу и включает разделы «Знакомство», «Гостиница», «Общественная жизнь» и др.

Русский и бенгальский тексты снабжены параллельной практической транскрипцией.

Разговорник дополнен бенгальско-русским и русско-бенгальским словарями.

Г 4602020000—295
015(01)—85 185—86

ББК 81.2-4

© Издательство «Русский язык», 1985

সূচীপত্র

СОДЕРЖАНИЕ

মুখবন্ধ	11	
	16	Предисловие
নৈমিত্তিক কথাবার্তা	22	Обиходные выражения
অভিনন্দন জ্ঞাপন	22	Предисловие
সাক্ষাৎকালে অভিনন্দন	22	Встреча
বিদায় অভিনন্দন	23	Прощание
মনোযোগ আকর্ষণ	24	Обращение
সম্মতি	25	Согласие
সন্দেহ, অসম্মতি	27	Сомнение, отказ
নিমন্ত্রণ	28	Приглашение
উৎসবাদি উপলক্ষে অভিনন্দন	29	Поздравления
শুভেচ্ছা জ্ঞাপন	30	Пожелания
কৃতজ্ঞতা জ্ঞাপন	31	Благодарность
ক্ষমা প্রার্থনা	33	Извинение
অনুরোধ	35	Просьба
ইচ্ছা, অভিপ্রায়	36	Желание, намерение
অনুধাবন	38	Понимание
আবেগানুভূতি প্রকাশ	39	Выражение эмоциональной реакции
অনুমোদন, প্রশংসা	39	Одобрение, восхищение

দুঃখ, অননুশোচনা প্রকাশ	40	Огорчение, сожаление
সহানুভূতি জ্ঞাপন	41	Сочувствие, соболезнование
বিস্ময় প্রকাশ	42	Удивление
সংকটাবস্থা, দুঃশিচস্তাবোধ	42	Затруднение, беспокойство
পরিচয় পর্ব	44	Знакомство
ভাষা প্রসঙ্গে	46	Язык
চাকুরি, পেশা	49	Работа, профессия
বয়স, পরিবার, আত্মীয়স্বজন	52	Возраст, семья, родственники
বাসগৃহ	54	Дом
পৰ্যটন	57	Путешествие
পাসপোর্ট নিয়ন্ত্রণ	57	Паспортный контроль
শুল্ক বিভাগীয় নিয়ন্ত্রণ	61	Таможенный контроль
বিমান	64	Самолёт
সমুদ্র যাত্রা	69	В море
রেলপথে ভ্রমণ	73	Железная дорога
হোটেল	78	Гостиница
হোটেলে ঘর নেওয়া	78	Оформление номера
হোটেলে অবস্থান	80	Пребывание в гостинице
যাত্রা	84	Отъезд
সার্ভিস বুরো	84	Бюро обслуживания
মুদ্রা বিনিময়	88	Обмен валюты
বুফে, রেস্টোরাঁ	90	Буфет, ресторан
কতিপয় রুশ খাবার	97	Некоторые блюда русской кухни
বাঙালীদের কতিপয় খাবার	101	Некоторые блюда бенгальской кухни

সেলুন	106	Парикмахерская
জেন্টস' হেয়ার ড্রেসিং সেলুন	106	Мужской зал
লেডি'জ সেলুন	107	Женский зал
চিকিৎসা সেবা	109	Медицинское обслуживание
পলিক্লিনিকে	119	В поликлинике
ডাক্তার দেখানো	111	У врача
দন্তচিকিৎসক দেখানো	118	У зубного врача
ওষুধের দোকান	119	Аптека
চশমার দোকান	122	Оптика
যোগাযোগ ব্যবস্থা	123	Средства связи
ডাক, তার	123	Почта, телеграф
টেলিফোন	126	Телефон
ট্রাঙ্ক টেলিফোন	129	Междугородный телефон
নাগরিক পরিবহন	131	Городской транспорт
মেট্রো, বাস, ট্রলিবাস, ট্রাম	131	Метро, автобус, троллейбус, трамвай
ট্যাক্সি	134	Такси
এক্সকোর্সন (পরিদর্শন)	136	Экскурсия
শহর (নগর) পরিদর্শন	136	Экскурсия по городу
প্রদর্শনী, মিউজিয়াম	142	Выставка, музей
সোভিয়েত ইউনিয়নের জাতীয় সাফল্যের প্রদর্শনী	146	Выставка достижений народного хозяйства СССР
শিল্পপ্রতিষ্ঠান	148	Промышленное предприятие
যৌথখামার, রাষ্ট্রীয় খামার, ফার্ম (কৃষিখামার)	155	Колхоз, совхоз, ферма
শিক্ষাপ্রতিষ্ঠান	164	Учебное заведение

পত্রপত্রিকা, গ্রন্থাদি	168	Газеты, журналы, книги
লাইব্রেরি, গ্রন্থ	168	Библиотека, книги
পত্রপত্রিকা	172	Газеты, журналы
বেতার, দূরদর্শন	175	Радио, телевидение
সামাজিক জীবন	177	Общественная жизнь
প্রতিনিধিদল	177	Делегация
সভা ও সম্মেলন	180	Совещание, конференция
সাক্ষাৎকার, সাংবাদিক সম্মেলন	184	Интервью, пресс-конференция
বিশ্রাম	185	Отдых
থিয়েটার	185	Театр
কনসার্ট	188	Концерт
সার্কাস	191	Цирк
সিনেমা	192	Кино
অবসর বিনোদন, হবি	195	Досуг, увлечения
ক্রীড়া (খেলাধুলা)	197	Спорт
ক্রীড়া পরিভাষা	200	Спортивная терминология
কেনা-কাটা, স্বেচ্ছাসেবাসামগ্রী	210	Покупки, сувениры
ডিপার্টমেন্টাল শপে	210	В универсальном магазине
খাদ্যসামগ্রীর দোকানে	217	В продовольственном магазине
বাজারে	219	На рынке
প্রাকৃতিক প্রক্রিয়া	222	Явления природы
জলবায়ু, আবহাওয়া	222	Климат, погода
প্রাকৃতিক দুর্যোগ	227	Стихийные бедствия
মহাশূন্য	228	Космос

পরিশিষ্ট	230	Приложение
রঙ	230	Цвета
সর্বনাম	232	Личные местоимения
সংখ্যাবাচক শব্দ	234	Числительные
পরিমাণবাচক সংখ্যা	234	Количественные числительные
পূরণবাচক সংখ্যা	239	Порядковые числительные
টাকাপয়সা	242	Деньги
সোভিয়েত টাকা	242	Советские деньги
ভারতীয় টাকা	243	Индийские деньги
বাংলাদেশী টাকা	245	Бангладешские деньги
সময়	246	Время
সপ্তাহের দিন	247	Дни недели
মাস	248	Месяцы
বাংলা মাস	250	Бенгальские месяцы
ঋতুপঞ্জী	251	Времена года
সোভিয়েত ইউনিয়নের ঋতুপঞ্জী	251	Времена года в СССР
ভারত ও বাংলাদেশের ঋতুপঞ্জী	251	Времена года в Индии и Бангладеш
তারিখ	252	Даты
উৎসব	254	Праздники
সোভিয়েত ইউনিয়নের উৎসবসূচী	254	Праздники в СССР
ভারতের উৎসবসূচী	255	Праздники в Индии

বাংলাদেশের উৎসবসূচী	255	Праздники в Бангладеш
সাইনবোর্ড, বিজ্ঞাপ্ত	256	Вывески, надписи
বাংলা-রুশ অভিধান	259	Бенгальско-русский словарь
রুশ-বাংলা অভিধান	433	Русско-бенгальский словарь

মুখবন্ধ

“বাংলা-রুশ ও রুশ-বাংলা আলাপ-সহায়িকা” সোভিয়েত ইউনিয়নে প্রথম প্রকাশিত হল। ভারতবর্ষ ও বাংলাদেশের সঙ্গে সোভিয়েত ইউনিয়নের সাংস্কৃতিক, বৈজ্ঞানিক ও ব্যবসায়িক যোগাযোগ বৃদ্ধি হবার সঙ্গে সঙ্গে এই আলাপ-সহায়িকা প্রকাশের প্রয়োজন দেখা দেয়। এই পুস্তিকাটি সোভিয়েত দেশবাসী ও বাঙালীদের পরস্পরের মধ্যে কথাবার্তা চালাবার ব্যাপারে সাহায্য করবে এবং যাঁরা রুশ বা বাংলা ভাষা শিখছেন তাঁরাও এর থেকে সাহায্য পাবেন।

এই আলাপ-সহায়িকাতে বিষয় অনুযায়ী বিভিন্ন ভাগ আছে, যেগুলিতে আলাপ চালাবার জন্য প্রয়োজনীয় বাক্য ও বাক্যসমষ্টি যতটা সম্ভব দেখানো হয়েছে। এই পুস্তিকার বিষয়ের মধ্যে আছে বৈষয়িক ও সামাজিক জীবন, পর্যটন ও বিশ্রাম। পুস্তিকাটির শেষে দেওয়া হয়েছে বিভিন্ন তথ্য এই তিন দেশ সম্বন্ধে।

এই সহায়িকার সঙ্গে আরো দেওয়া হয়েছে বাংলা-রুশ ও রুশ-বাংলা অভিধান, যেখানে পাওয়া যাবে আলাপ আলোচনা চালাবার জন্য প্রয়োজনীয় শব্দ ও শব্দসমষ্টি। লেখকের ধারণা, পুস্তিকাটিতে দেওয়া নমুনা অনুযায়ী নতুন বাক্য গঠনে সাহায্য করবে এই অভিধান।

রুশ ও বাংলা শব্দের ধ্বনির ট্রানস্ক্রিপশন লাতিন অক্ষরের মাধ্যমে দেখানো হয়েছে।

আলাপ-সহায়িকার ব্যবহার করার সময় নিম্নলিখিত বিষয়গুলি মনে রাখতে হবে:— ১) রুশ ও বাংলা বাক্যগুলি একে অপরের আক্ষরিক অনুবাদ নয়, কারণ লেখকরা এখানে বিভিন্ন পরিস্থিতি বিবেচনা করে বাক্য ব্যবহার করার চেষ্টা করেছেন।

২) বাক্যের কোনো অংশ, যা কথাবার্তার সময়ে বাদ দিলেও চলে, তাকে তৃতীয় বন্ধনীর মধ্যে দেখানো হয়েছে।

৩) প্রথম বন্ধনীর মধ্যে রাখা হয়েছে অন্য অর্থে প্রযোজ্য বাক্যাংশ যা ব্যবহার করা যায় মোটা হরফে লেখা বাক্যাংশের পরিবর্তে। যেমন: — “আমি আজ সন্ধ্যায় (কাল সকালে) চলে যাব।” এক্ষেত্রে, “আমি আজ সন্ধ্যায় চলে যাব” ও “আমি কাল সকালে চলে যাব” দুই-ই সম্ভব।

৪) যেহেতু রুশ ভাষায় বিশেষ্যপদের লিঙ্গ অনূয়ায়ী বিশেষণ ও ক্রিয়াপদের অস্তিমাংশ নির্ধারিত হয়, সেহেতু রুশ অংশটিতে লিঙ্গভেদে ক্রিয়াপদ ও বিশেষণের বিভিন্ন রূপ দেখানো হয়েছে। যেমন:

আপনাকে দেখে খুঁশি হলাম Рад (рада*) вас видеть

৫) অভিধানগুলিতে সমার্থ রুশশব্দগুলি কমা দিয়ে আর প্রায়সমার্থ রুশশব্দগুলি সেমিকোলন দিয়ে আলাদা করা হয়েছে। একই শব্দের বিভিন্ন অর্থ ইংরেজী সংখ্যা ও ফুটকি দিয়ে ও শব্দের বিভিন্ন পদ বন্ধনীর সঙ্গে ইংরেজী সংখ্যার মাধ্যমে দেখানো হয়েছে এবং যেখানে প্রয়োজন বিভিন্ন ব্যাখ্যা ও ব্যাকরণগত বৈশিষ্ট্য দেওয়া হয়েছে প্রথম বন্ধনীতে। দুই অভিধানেরই রুশ অংশ বিশেষণ পদ কেবলমাত্র পদুংলিঙ্গ একবচনের রূপে দেওয়া হয়েছে।

আলাপ-সহায়িকা ব্যবহার করার জন্য প্রয়োজনীয় রুশ ফোনেটিক্স সম্বন্ধে কিছু তথ্য নিম্নে দেওয়া হল।

রুশ বর্ণমালা	ট্রান্সক্রিপশন	উচ্চারণ
Aa	a	“আমার” শব্দে আ
Бб	b	“বল” শব্দে ব
	p	“বাপ” শব্দে প
Вв	v	ইংরেজি “voice” শব্দে v
	f	“মাফ্‌লার” শব্দে ফ
Гг	g	“জগ” শব্দে গ
	k	“তাক” শব্দে ক

রুশ বর্ণমালা	ট্রান্সক্রিপশন	উচ্চারণ
Дд	d	“পদ” শব্দে দ
	t	“ভাত” শব্দে ত
Ее	je	“বিয়ে” শব্দে য়ে
	i	“ইঙ্গিত” শব্দে ই
Ёё	jo	“দিয়ো” শব্দে য়ো
Жж	zh	ইংরেজি “pleasure” শব্দে su
	sh	“খোশ” শব্দে শ
Зз	z	ইংরেজি “zero” শব্দে z
	s	“পাসপোর্ট” শব্দে স
Ии	i	“ইঙ্গিত” শব্দে ই
Йй	j	“যাই” শব্দে ই
Кк	k	“তাক” শব্দে ক
Лл	l	“কাল” শব্দে ল
Мм	m	“আম” শব্দে ম
Нн	n	“জীবন” শব্দে ন
Оо	o	“ওগো” শব্দে ও
	a	“আমার” শব্দে আ
Пп	p	“বাপ” শব্দে প
Рр	r	“বার” শব্দে র
Сс	s	“পাসপোর্ট” শব্দে স
Тт	t	“মত্” শব্দে ত
Уу	u	“উপড়” শব্দে উ
Фф	f	“ফাফ্‌লার” শব্দে ফ
Хх	kh	“সুখ” শব্দে খ-র অননুদ্বন্দ্ব
Цц	ts	“উচ্ছ্বাস” শব্দে ছ-র অননুদ্বন্দ্ব
Чч	ch	“চুল” শব্দে চ

রুশ বর্ণমালা	ট্রান্সক্রিপশন	উচ্চারণ
Шш	sh	“থোশ” শব্দে শ
Щщ	sh'	“বিশ্বাস” শব্দে শ্ব-র অনূর্ধ্বপ কড়ি চিহ্ন ^১
Ъъ	y	“ঈশান” শব্দে ঈ-র অনূর্ধ্বপ
Ыы	'	কোমল চিহ্ন ^২
Ээ	e	“তরা” শব্দে ত্র
Юю	ju	“বায়ু” শব্দে য়
Яя	ja	“মায়ী” শব্দে য়া

^১ কড়ি চিহ্ন (ъ) কোনো ব্যঞ্জনবর্ণের পরে থাকলে বন্ধ হতে হবে যে বর্ণটির উচ্চারণ হবে কড়ি পর্যায়ে। যেমন «подъезд» শব্দের উচ্চারণ padjézt (পাদ্‌ইয়েজ্‌ত্) আর «поделка» শব্দের উচ্চারণ pad'élka (পাদেল্‌কা)।

^২কোমল চিহ্নের তাৎপর্য সম্পর্কে “রুশ উচ্চারণবিধির কতিপয় বৈশিষ্ট্য” বিভাগ দেখুন।

রুশ উচ্চারণবিধির কতিপয় বৈশিষ্ট্য

রুশ ভাষায় a, e, i, o, u, y — এই ৬টি স্বরধ্বনি আর b, b', v, v', g, g', d, d', z, z', k, k', l, l', m, m', n, n', p, p', r, r', s, s', t, t', f, f', kh, kh', sh, sh', zh, j, ts, ch — এই ৩৬টি ব্যঞ্জনধ্বনি মিলে মোট ৪২টি ধ্বনি আছে। (je, jo, ju, ja এই চিহ্নগুলি একসঙ্গে উচ্চারিত দুইটি ধ্বনির সমষ্টি)

রুশ ব্যঞ্জনবর্ণের প্রায় সবক'টিই কড়ি ও কোমল উচ্চারণের জোড়া জোড়া ধ্বনিবিশিষ্ট। যেমন ধ্বনি নির্দেশনায় যেখানে l আছে সেখানে তার উচ্চারণ হবে “পাতাল” শব্দে “ল”-এর মতো, আর যেখানে l' সেখানে — “পাতিল” শব্দে “ল”-এর অনূর্ধ্বপ। অর্থাৎ ধ্বনি নির্দেশনায়

কোনো বর্ণ বা বর্ণজুটির সঙ্গে উর্ধ্বকমা থাকলে তার উচ্চারণ কোমল হবে। আর তা না থাকলে হবে কড়ি।

লেখার বেলায় শব্দের ব্যঞ্জনবর্ণের উচ্চারণে কোমলতা নির্দিষ্ট করার জন্য কোমল চিহ্ন (b) ব্যবহার করা যায়। এই চিহ্নটি যে ব্যঞ্জনবর্ণটি কোমলভাবে উচ্চারিত হবে তার পর বসে। অনেক ক্ষেত্রে অবশ্য কোনো ব্যঞ্জনবর্ণ কোমলভাবে উচ্চারিত হলেও তার পর কোমল চিহ্ন থাকে না। লক্ষণীয় যে e এবং i এই দুই স্বরবর্ণের সামনের ব্যঞ্জনবর্ণ সর্বদাই কোমলভাবে উচ্চারিত হয়।

রুশ ভাষায় ঘোষবর্ণ (voiced consonants) বলে পরিচিত b, v, g, d, zh এবং z ব্যঞ্জনবর্ণসমূহের যথাক্রমে p, f, k, t, sh, এবং s — এই কয়েকটি অঘোষবর্ণ (voiceless consonants) আছে। ঘোষবর্ণগুলি শব্দের শেষে কিংবা শব্দাভ্যন্তরের অন্য একটি ঘোষবর্ণের পূর্বে থাকলে তার জুটির অঘোষবর্ণের উচ্চারণ পায়, অর্থাৎ b উচ্চারিত হয় p-এর মতো, v উচ্চারিত হয় f-এর মতো ইত্যাদি। যেমন «парад» শব্দের উচ্চারণ হবে parát (পারাত), «низкий» শব্দের niskij (নিস্কিই) ইত্যাদি।

রুশ উচ্চারণবিধি অনুযায়ী শব্দে একাধিক সিলেবল থাকলে তাদের নির্দিষ্ট একটির উচ্চারণ অপেক্ষাকৃত দৃঢ় ও দীর্ঘ হয়। এ বৈশিষ্ট্যটি ঠিকমতো দেখানোর জন্য ধর্নি নির্দেশনায় এমন শ্বাসাঘাতপ্রধান সিলেবলের স্বরবর্ণের উপর রেফ চিহ্ন বসানো হয়েছে, যেমন «молоко» [malakó], «медведь» [m'iv'ét'] ইত্যাদি।

শব্দের শ্বাসাঘাতহীন অংশে «o» এবং «e» অক্ষর যথাক্রমে a এবং i হিসেবে উচ্চারিত হয়। যেমন «молоко» শব্দে শ্বাসাঘাতপ্রধান সিলেবল «-ко»-তে «o» অক্ষরের উচ্চারণ o, কিন্তু «мо-» এবং «-ло-» দু'টোই উচ্চারণে ma এবং la অর্থাৎ গোটা শব্দটিকে পড়তে হবে malakó (মালাকো) রূপে। একইভাবে «медведь» শব্দে শ্বাসাঘাতপ্রধান «-ведь»-এ «e» অক্ষরের উচ্চারণ je, কিন্তু «мед-»-এ «e»-র উচ্চারণ i অর্থাৎ শব্দটিকে পড়তে হবে m'iv'ét' (মিদ্ভিয়েত)।

ПРЕДИСЛОВИЕ

«Бенгальско-русский и русско-бенгальский разговорник» издаётся в СССР впервые. Необходимость издания разговорника связана с развитием деловых, научных и культурных связей между Советским Союзом, Индией и Бангладеш. Он поможет советским гражданам и бенгальцам в общении и, кроме того, будет полезен изучающим бенгальский или русский язык.

Разговорник состоит из нескольких тематических разделов, в которых отражены наиболее типичные речевые ситуации. Темы разговорника связаны с деловой и общественной жизнью, отдыхом и туризмом. В разделе «Приложение» дан справочный и страноведческий материал.

Разговорник дополнен бенгальско-русским и русско-бенгальским словарями, в которых отобраны наиболее необходимые для общения слова и словосочетания. Словари могут быть полезны при составлении новых фраз на основе моделей, данных в разговорнике.

Разговорник снабжён практической транскрипцией, в которой бенгальские и русские звуки приближённо переданы латинской графикой.

При пользовании разговорником надо иметь в виду следующее:

1) авторы стремились к передаче ситуативного соответствия русских и бенгальских фраз, а не к дословному их переводу;

2) часть фразы, которая при разговоре может быть опущена, заключена в квадратные скобки;

3) варианты фраз, имеющие смысловозначительное значение, взяты в круглые скобки, а та часть предложения, которая заменяется словами или словом в скобках, выделена жирным шрифтом. Например, фразу «Я уезжаю **сегодня вечером** (завтра утром)» надо читать «Я уезжаю **сегодня вечером**» или «Я уезжаю **завтра утром**»;

4) формы женского рода в русской части даны в круглых скобках и помечены звёздочкой;

5) в словарях переводы слов близкие по значению разделены запятой, более далёкие — точкой с запятой, разные значения — цифрами с точкой, разные части речи — цифрами со скобкой; пояснения и грамматические пометы даны в круглых скобках курсивом. В русской части обеих словарей употребляется как совершенная, так и несовершенная форма глагола в зависимости от того, какая из них более соответствует бенгальскому глагольному сочетанию.

Ниже приводятся некоторые сведения по фонетике бенгальского языка, необходимые при пользовании разговорником.

Буквы бенгальского
алфавита

Знаки
транскрипции

অ	о, о
আ	а
ই	і
ঈ	і
উ	u
ঊ	u
ঋ	гі
এ	е, æ

Буквы бенгальского
алфавита

Знаки транскрипции

ঐ	oi
ও	o
ঔ	ou
ক	k, kɔ
খ	kh, khɔ
গ	g, gɔ
ঘ	gh, ghɔ
ঙ	ŋ, ŋɔ
চ	c, cɔ
ছ	ch, chɔ
জ	j, jɔ
ঝ	jh, jhɔ
ঞ	n
ট	t̪, t̪ɔ
ঠ	t̪h, t̪hɔ
ড	d, dɔ
ঢ	d̪h, d̪hɔ
ণ	n, nɔ
ত	t, tɔ
থ	th, thɔ
দ	d, dɔ
ধ	dh, dhɔ
ন	n, nɔ
প	p, pɔ
ফ	ph, phɔ
ব	b, bɔ
ভ	bh, bhɔ
ম	m, mɔ
য	j, jɔ

Буквы бенгальского
алфавита

Знаки транскрипции

র	г, гɔ
ল	l, lɔ
শ	ʃ, ʃɔ, s, sɔ
ষ	ʃ, ʃɔ
স	ʃ, ʃɔ, s, sɔ
হ	h, hɔ
ড়	ɽ, ɽɔ
ঢ	ɽh, ɽhɔ
য়	y, yɔ

Ключ к транскрипции

В бенгали 14 гласных звуков и 33 согласных звука.

Г л а с н ы е:

гласный ɔ	сходен с русским о в словах «рот», «нос», произносимых быстро;
~ а	сходен с русским а , произносимым протяжно;
~ і	сходен с русским и , произносимым твёрдо, как в слове «игла»;
~ и	сходен с русским у , произносимым с большим округлением губ, как в слове «дуб»;
~ е	сходен с русским э в словах «эти», «эхо»;
~ æ	произносится более открыто, чем русское э ; сходен с английским æ в словах «bad», «тар»;
~ о	сходен с русским ударным о в словах «окно», «хобот», произносимым с большим округлением губ;

Назализованные гласные \bar{a} , \bar{i} , \bar{u} , \bar{e} , $\bar{\text{æ}}$, \bar{o} , т.е. гласные, обозначаемые в транскрипции с помощью надстрочного знака ($\bar{\sim}$), произносятся как \bar{a} , \bar{i} , \bar{u} , \bar{e} , $\bar{\text{æ}}$, \bar{o} с носовым призвуком. В русском языке сходных звуков нет.

Согласные:

согласные k, g	сходны с русскими твёрдыми к, г ;
~ t, d	сходны с русскими твёрдыми т, д ;
~ p, b	сходны с русскими твёрдыми п, б ;
согласный ʃ	сходен с русским ш ;
~ s	сходен с русским с ; встречается в бенгальских словах только в сочетании с другими согласными;
~ c	сходен с русским ч в слове «чай», но нижняя челюсть опущена больше;
~ y	сходен с русским й , произносимым ещё более кратко;
~ l	сходен с русским л , произносится мягче русского твёрдого звука л , но твёрже русского мягкого ль ;
~ j	аналогичного звука в русском языке нет; несколько напоминает сочетание согласных д и ж , произносимое слитно; сходен с английским j в слове «judge»;
согласные ʈ, ɖ	при их артикуляции язык касается твёрдого нёба, а не зубов, как при артикуляции русских т и д ; в русском языке сходных звуков нет;
согласный ɖ̣	при его артикуляции язык касается верхней части твёрдого нёба; в русском языке сходного звука нет;

согласный ~	ŋ	носовой звук, произносимый с помощью задней части спинки языка; сходен с английским ŋ в слове «morning»; в русском языке аналогичного звука нет;
~	w	нечто среднее между звуками русского языка в и у; сходен с английским w в слове «wall»; в русском языке аналогичного звука нет;
~	h	звучит как простой выдох; сходен с английским h в слове «hall»; в русском языке аналогичного звука нет;
придыхательные		согласные kh, gh, ch, jh, ðh, ðh, th, dh, ph, bh, rh, ṛh, (т.е. согласные, обозначаемые в транскрипции с помощью диакритического знака h, помещаемого сверху справа от транскрипционного знака соответствующего согласного), произносятся как k, g, c, j, t, d, f, d, p, b, r, ṛ, но напряжённее, с придыханием. В русском языке аналогичных звуков нет.

Согласные звуки **z, f, v** сходны с русскими **з, ф, в**. Они встречаются, как правило, только в словах иностранного происхождения (английских, арабских, персидских).

নৈমিত্তিক কথাবার্তা

ОБИХОДНЫЕ ВЫРАЖЕНИЯ

অভিনন্দন জ্ঞাপন

ПРИВЕТСТВИЯ

সাক্ষাৎকালে অভিনন্দন

ВСТРЕЧА

নমস্কার (আসসালামু আলাইকুম)! Здравствуйте!

nomofkar (assalamu alai- zdrástvujt'íl
kum)!

সুপ্রভাত!

Доброе утро!

ʃuprəbhat!

dóbraje útra!

শুভ সন্ধ্যা!

Добрый вечер!

ʃubho ʃənddha!

dóbryj v'éch'ir!

স্বাগতম!

Добро пожаловать!

ʃagətəm!

dabró pazhálavat'!

আপনাকে দেখে খুশি হলাম
apnake dekhe khuʃi holam

Рад (рада *) вас видеть
rat (ráda) vas v'id'it'

কেমন আছেন?

Как поживаете?

kəməɒn achen?

kak pazhyvái't'i?

আপনার শরীর কেমন?

Как вы себя чувствуете?

apnar ʃorir kəməɒn?

kak vy s'ib'á ch'ústvuit'i?

কী খবর?

Как дела?

ki khəbor?

kak d'ilá?

ধন্যবাদ, ভালো
dhanobad, bhalo

Спасибо, хорошо
spas'iba, kharashó

বিদায় অভিনন্দন

আবার দেখা হবে!
abar dækha hobe!

নমস্কার (খোদা হাফেজ)!
namoʃkar (khoda hafez)!

শুভরাত্রি!
shubhorattri!

আবার দেখা হবে!
abar dækha hobe!

আবার কবে দেখা হবে?
abar kobe dækha hobe?

আমি ... এসেছি
ami ... eʃechi

আপনার থেকে বিদায় নিতে
apnar theke biday nite .

আপনাকে বিদায় জানাতে
apnake biday janate

...কে আমার শুভেচ্ছা দেবেন
... ke amar shubheccha deben

ПРОЩАНИЕ

До свидания!
da sv'idán'ia!

Всего хорошего!
fs'ivó kharóshyva!

Спокойной ночи!
spakójnaj nóch'ii!

До [новой] встречи!
da [nóvaj] fstr'éch'ii!

Когда мы увидимся
[снова]?
kagdá my uv'id'ims'a [snó-
va]?

Я пришёл (пришла *).
ja pr'ishól (pr'ishlá)...

попрощаться с вами
paprash'átsa s vám'i

проводить вас
pravad'ít' vas

Передайте от меня
привет ...
p'ir'idájt'i at m'in'á pr'iv'-
ét...

এবার তবে চলি !
ebar tãbe colii

এখন চলি
ekhõn colii

শুভ যাত্রা !
shubho jatral

সুস্থ থাকুন !
sustho thakun!

Ну, пока!
nu, paká!

Разрешите проститься
razr'ishýt'i pras't'itsa

Счастливого пути!
sh'isl'í'vava put'ii

Будьте здоровы!
bútt'i zdaróvy!

মনোযোগ আকর্ষণ

দয়া করে...
dãa kore...

মাফ করবেন
maph korben

কমরেড !
kãmrẽd!

কমরেডগণ !
kãmrẽdgon!

মাননীয় সূদধীবন্দ !
manonio sudhibrindo!

মাননীয় ভদ্রমহোদয়
ও মহিলা !
manonio bhãddromãhodoy o
mohila!

সাথী বন্ধুগণ !
sathi bondhugon!

ОБРАЩЕНИЕ

Будьте добры ...
bútt'i dabry ...

Извините, пожалуйста
izv'in'it'i pazhálusta

Товарищ!
tavár'ish'!

Товарищи!
tavár'ish'ii

Уважаемые господа!
uvazháimyi gaspadá!

Уважаемые дамы
и господа!

uvazháimyi dámy i gaspadá!

Дорогие товарищи!
darag'ii tavár'ish'ii

প্রিয় বন্ধুরা!

prio bondhura!

আমি আপনার কথা শুনছি
ami apnar kotha ſunchi

অনুগ্রহ করে দেখিয়ে দেবেন,
কোথায়...

onugroho kore dekhie deben,
kothay ... ?

আমার জায়গা (আসন)

amar jayga (aʃɔn)

আমার কেবিন

amar kæbin

আমার ঘর

amar ghar

Дорогие друзья!

darag'ii druz'já!

Я вас слушаю
ja vas slúshaju

Будьте добры,
покажите, где...

bútt'i dabrý, pokazhýt'i,
gd'e ...?

моё место

majó m'ésta

моя каюта

maja kajúta

моя комната

maja kómnata

সম্মতি

হ্যাঁ

hæ

হ্যাঁ, ব্যাপারটা তাই (সেরকম)

hæ, bæparɽa tai (serɔkɔm)

নিশ্চয়ই

nifcoi

নিঃসন্দেহে

nifɔndehe

আলবৎ ঠিক

albot þhik

СОГЛАСИЕ

Да

da

Да, это так

da, éta tak

Конечно

kan'éshna

Безусловно

b'izuslónvna

Совершенно верно

sav'irshénna vérna

ঠিক বলেছেন
 †hik bolechen
 স্বাভাবিক
 †abhabik
 বোঝানোর অপেক্ষা রাখে না
 bojhanor opekka rakhe na
 আমিও তাই মনে করি
 amio tai mane kori
 এটা খুবই সম্ভব
 eta khubi †ambhob
 হয়তো বা
 hoyto ba
 বেশ, আমি রাজি
 be†, ami raji
 বেশ তো, আমার আপত্তি নেই
 be† to, amar apotti nei
 তবে তাই করা হোক
 tbe tai kora hok
 ঠিক আছে (আচ্ছা)
 †hik ache (accha)
 ভালো কথা (ঠিক আছে, আচ্ছা)
 bhalo katha (†hik ache,
 accha)
 চমৎকার
 comotkar

Вы правы
 vy právy
 Естественно
 jist'éstv'inna
 Разумеется
 razum'éitsa
 Я тоже так думаю
 ja tózhe tak dúmajú
 Вполне вероятно
 †paln'é v'igajátna
 Может быть
 mózhyt byt'
 Хорошо, я согласен
 (согласна *)
 kharashó, ja saglás'in (saglás-
 sna)
 Пожалуйста, я не
 возражаю
 razhálusta, ja n'i vazrazháju
 Давайте так и сделаем
 davájti tak i zd'élaím
 Ладно
 ládna
 Хорошо
 kharashó
 Отлично (Прекрасно)
 atl'ích'na (pr'ikrásna)

সন্দেহ, অসম্মতি

আমার এতে সন্দেহ আছে
amar ete ſondeho ache
আপনি হয়তো ভুল করছেন
apni hoyto bhul korchen

তাই নাকি?
tai naki?

না
na

ঠিক তা নয়
ṭhik ta noy

এটা ঠিক নয়
eṭa ṭhik noy

না, আমি একমত নই

na, ami ækmət noi

আমি এটা চাচ্ছিলাম না

ami eṭa cacchilam na
দুঃখিত, আমি পারব না
dukkhito, ami parbo na

দুঃখের বিষয়, আমি ব্যস্ত

dukkher biṣoy ami bæsto

СОМНЕНИЕ, ОТКАЗ

Я сомневаюсь в этом
ja samn'ivájus' v étam
Боюсь, вы ошибаетесь
bajús', vy ashybáit'is'

Неужели?
n'iuzhél'i?

Нет
n'et

Это не так
éta n'i tak

Это не правильно
éta n'i gráv'il'na

Нет, я не согласен
(не согласна *)

n'et, ja n'i saglás'in (n'i sa-
glásna)

Мне бы этого
не хотелось

mn'e by étava n'i khat'élas'
[Очень] жаль, но не могу
[óch'in'] zhal', no n'i magú

К сожалению, я занят
(занята *)

k sazhyl'én'iju, ja zán'it (za-
n'itá)

আমি এর বিরুদ্ধে
ami er biruddhe

Я против
ja prótif

নিমন্ত্রণ

আপনাকে [আমার সঙ্গে]
...যেতে বলতে পারি কি?
apnake [amar ʃoŋge] ... jete
bolte pari ki?

রেস্টোরাঁয়
restorāy

সাক্ষ্যানুষ্ঠানে
ʃandhænuʃthane

নিমন্ত্রণে
nimōntrōne

আমি আপনাকে কন্সার্টে
(প্রদর্শনীতে) নিয়ে যেতে চাই

ami apnake konsarte (prod-
ʃonite) nie jete cai

চলুন একসঙ্গে পার্কে (সিনেমায়
যাই

colun ækʃoŋge parke (sine-
may) jai

একত্রে প্রাতরাশ খাব
ækottre pratorəʃ khabo

একত্রে দুপুরের খাবার খাব
ækottre dupurer khabar khabo

একত্রে সাক্ষাহার খাব
ækottre ʃanddhæhar khabo

ПРИГЛАШЕНИЕ

Разрешите пригласить
вас ...
razr'ishýt'i pr'iglas'it' vas ...

в ресторан
v r'istarán

на вечер
na v'éch'ir

в гости
v góst'i

Я хочу пригласить
вас на концерт
(на выставку)

ja khach'ú pr'iglas'it'
vas na kantsért
(na výstafku)

Пойдёмте вместе с нами
в парк (в кино)

pajd'ómt'i vm'ést'i s nám'i f
park (f k'ínó)

Позавтракаем вместе
pazáftrakaim vm'és't'i

Победаем вместе
raab'édaim vm'és't'i

Пожинаем вместе
paúzhynaim vm'és't'i

আসুন, আসুন

aʃun, aʃun

[অনুরোধ করছি,] ভেতরে আসুন
(এগুতে থাকুন)

[onurodh korchi,] bhetore
aʃun (egute thakun)

বসুন

boʃun

Входите, пожалуйста

fkhad'it'i, razhálusta

Пожалуйста, проходите

razhálusta, prakhad'it'i

Садитесь, пожалуйста

sad'it'is', razhálusta

উৎসবাদি উপলক্ষে অভিনন্দন

আমার (আমাদের) অভিনন্দন

গ্রহণ করুন!

amar (amader) obhinondon
grohon korun!

...অভিনন্দন জানাচ্ছি!

...obhinondon janacchi!

আপনার সাফল্যে

apnar shaphalle

উৎসব উপলক্ষে

utshob upolokkhe

নববর্ষ উপলক্ষে

noboborsho upolokkhe

আপনাকে জন্মদিনের

শুভেচ্ছা জানাচ্ছি।

apnake jonmodiner
shubheccha janacchi!

Поздравляю

(поздравляем) вас!

pozdravl'áju (pozdravl'áim
vas!

Поздравляем [вас] ...!

pozdravl'áim [vas]...!

с успехом

s usp'ékham

с праздником

s prázni'ikam

с Новым годом

s nóvym gódam

Поздравляю вас

с днём рождения!

pozdravl'áju vas s d'n'om
razhd'én'ija

শুভেচ্ছা জ্ঞাপন

আপনার সাফল্য কামনা করি!

apnar śaphollo kamna kori!

আপনার সুখ কামনা করি!

apnar śukh kamna kori!

আপনার সুস্থ দেহ কামনা করি!

apnar śustho deho kamna kori!

আপনার সময় ভালোভাবে কাটুক!

apnar śomoy bhalobhabe ka-
tuk!

আপনার ভ্রমণ সার্থক হোক!

apnar bhramon śarthok hok!

শুভযাত্রা [কামনা করি]!

śubhojatra [kamna kori]!

সুস্থ থাকুন!

śustho thakun!

ПОЖЕЛАНИЯ

Желаю (Желаем) вам
успеха!

zhelaju (zhelaim) vam
usp'ékha!

Желаю (Желаем) вам
счастья!

zhyláju (zhyláim) vam
sh'ás't'ja

Желаю (Желаем) вам
здоровья

zhyláju (zhyláim) vam
zdaróv'ja

Желаю вам хорошо
провести время!

zhyláju vam kharashó pra-
v'ist'í vr'em'a!

Желаю вам благополучно-
го путешествия!

zhyláju vam blagapalúch'na-
va put'ishéstv'ija!

[Желаю вам] счастливого
пути!

[zhyláju vam] sh'isl'ívava
put'í

Будьте здоровы!

bútt'i zdaróvy!

কৃতজ্ঞতা জ্ঞাপন

ধন্যবাদ

dhonnobad

অনেক ধন্যবাদ

onæk dhonnobad

আপনাকে (আপনাদেরকে) ধন্যবাদ

উষ্ণ অভিনন্দনের জন্যে

apnake (apnaderke) dhonnobad
ufno obhinandoner jonne

আপনাকে (আপনাদেরকে)

ধন্যবাদ আন্তরিক

অভ্যর্থনার জন্যে

apnake (apnaderke) dhonnobad
antorik abbhærthonar jonne

আপনাকে (আপনাদেরকে)

ধন্যবাদ [অনুপম]

উপহারের জন্যে

apnake (apnaderke) dhonnobad
[onupom] upharer jonne

আপনার প্রতি আন্তরিক ধন্যবাদ

apnar proti antorik dhonnobad

অন্তর থেকে আপনাকে ধন্যবাদ

antor theke apnake dhonnobad

...জন্যে ধন্যবাদ

... jonne dhonnobad

БЛАГОДАРНОСТЬ

Спасибо!

spas'iba!

Большое спасибо!

bal'shóje spas'iba!

Благодарю (благодарим)

вас за тёплое привет-
ствие

blagadar'ú (blagadar'im)
vas za t'óplaje pr'iv'étstv'ije

Благодарю (Благодарим)

вас за сердечный приём

blagadar'ú (blagadar'im)
vas za s'ird'éch'nyj pr'ij-
óm

Благодарю (Благодарим)

вас за [прекрасный] по-
дарок

blagadar'ú (blagadar'im)
vas za [pr'ikrásnyj] padá-
rak

Сердечно благодарю вас

s'ird'éch'na blagadar'ú vas

От души благодарю вас

ad dushý blagadar'ú vas

Спасибо за ...

spas'iba za ...

যক নেওয়ার jɔtno newar	закоту zabótu
নিমন্ত্রণের nimôntroner	приглашение pr'iglashén'ije
মনোযোগ প্রদর্শনের mônnojog prodôrʃoner	внимание vn'imán'ije
সাহায্যের ʃahajjer	помощь pómash'
আপনি [আমার] অনেক উপকার করলেন apni [amar] onæk upokar korlen	Это очень любезно с вашей стороны éta óch'in' l'ub'ézna s vá- shyj staraný
আতিথেয়তার জন্যে ধন্যবাদ [জানাচ্ছ] atitheyɔtar' jonne dhonnobad [janacchi]	Благодарим вас за гостеприимство blagadar'im vas za gast'i- pr'iimstva
আপনার প্রতি [আমি] খুবই কৃতজ্ঞ apnar proti [ami] khubi kri- tɔggɔt	Я вам очень признателен (признательна *) ja vam óch'in' pr'iznát'il'in (pr'iznát'il'na)
কী যে বলেন! ki je bolen!	Не за что n'é za shto
ঠিক আছে thik ache	Пожалуйста (Не стоит благодарности) pazhálusta (n'i stóit blaga- dárnost'i)

ক্ষমা প্রার্থনা

মাফ করবেন
map^h korben

ক্ষমা করবেন
khōma korben

মাফ চাইছি, আমার ভুল হয়েছে

map^h caichi, amar bhul ho-
eche

মাফ করবেন আপনাকে বেশ কষ্ট
দিলাম

map^h korben apnake bej
koṣṭo dilam

মাফ করবেন, এটা আমার
ইচ্ছাকৃত নয়

map^h korben, eṭa amar
icchakrito nōy

অনুরোধ করছি, রাগ করবেন না
onurodh korchi, rag korben
na

দেরি হল বলে মাফ করবেন

deri holo bole map^h korben

ИЗВИНЕНИЕ

Извините, пожалуйста
izv'in'it'i, pazhálusta

Простите, пожалуйста
prast'it'i, pazhálusta

Извините, я ошибся
(ошиблась *)

izv'in'it'i, ja ashýps'a (ashýb-
las')

Простите, что причинил
(причинила *) вам столько
беспокойства

prast'it'i, shto pr'ich'in'il
(pr'ich'in'ila) vam stól'ka
bispakójstva

Извините, я нечаянно

izv'in'it'i, ja nich'áinna

Пожалуйста, не сердитесь
pazhálusta, n'i s'ird'it'is'

Извините, что опоздал
(опоздала *)

izv'in'it'i, shto apazdál (apa-
zdála)

একটু বিরক্ত করছি, মনে কিছ
নেবেন না

ekṭu birakto korchi mane
kichu neben na

মাফ করবেন, আপনার কাজে
কিছুটা ব্যাঘাত করলাম

mapḥ korben, apnar kaje ki-
chuta baēghat korlam

মাফ করবেন, আপনার একটু দেরি
করলাম

mapḥ korben, apnar ekṭu de-
ri koralam

একটু দেরি করলাম বলে ক্ষমা
চাইছি

ekṭu deri koralam bole
kḥoma caichi

আপনার কথায় বাধা দিলাম বলে
ক্ষমা চাইছি

apnar kothay badha dilam
bole kḥoma caichi

না, না, ঠিক আছে
na, na, ṭhik ache

অনুরোধ

আপনাকে অনুরোধ করছি
apnake onurodh korchi

Извините, что беспокою
вас

izv'in'it'i, shto b'ispakóju
vas

Извините, что отрываю
вас от работы

izv'in'it'i, shto atrývajú vas
at rabóty

Извините, что заставил
(заставила *) вас ждать

izv'in'it'i, shto zastáv'il
(zastáv'ila) vas zhdát'

Извините, что задержал
(задержала *) вас

izv'in'it'i, shto zad'irzhál
(zad'irzhála) vas

Извините, что перебиваю
вас

izv'in'it'i, shto p'ir'ib'iváju
vas

Ничего. Пожалуйста
n'ich'ivó. pazhálusta

ПРОСЬБА

Прошу вас
prashú vas

আপনার কাছে আমার একটা
অনুরোধ
apnar kache amar ækʃa onu-
rodh

দয়া করে [আমাকে] সাহায্য করুন

dʒa kore [amake] ʃahajjo
korun

দয়া করে বৃষ্টিয়ে দিন

dʒa kore bujhie din

দয়া করে আমাকে এগিয়ে দিন

dʒa kore amake egie din

আরেকবার বলুন

arekbar bolun

ফোন করবেন

fon korben

পাঠিয়ে দিন

paʃhie din

বন্ধ করুন

bondho korun

খুলে দিন

khule din

[এই] নিন

[ei] nin

У меня к вам просьба

u m'in'á k vam próz'ba

Помогите [мне], пожалуйста
ста

pozmag'it'i [mn'e], pazhá-
lusta

Будьте добры, объясните

bútt'i dabrý, abjijn'it'i

Проводите меня,

пожалуйста

pravad'it'i m'in'á, pazhá-
lusta

Повторите, пожалуйста

paftar'it'i, pazhálusta

Позвоните, пожалуйста

pazvan'it'i, pazhálusta

Отправьте, пожалуйста

atpráf't'i, pazhálusta

Закройте, пожалуйста

zakrójt'i, pazhálusta

Откройте, пожалуйста

atkrójt'i, pazhálusta

Возьмите, пожалуйста

vaz'm'it'i, pazhálusta

দয়া করে সিগারেট খাবেন না¹
 dāa kore sigareṭ khaben na
 একটু অপেক্ষা করুন
 ekṭu əpekḥa korun
 ... ডেকে দিন
 ... ḍeke din
 চাল, (বন্ধ) করুন
 calu [bāndho] korun

ইচ্ছা, অভিপ্রায়

আমার পিপাসা (তেষ্ঠা) পেয়েছে
 amar pipāṣa (teṣṭa) peeche
 আমি ক্ষুধার্ত
 (আমার ক্ষুধা পেয়েছে)
 ami khudharto
 (amar khudha peeche)
 আমি ... চাই
 ami ... cai

একটু বিশ্রাম নিতে
 ekṭu bisram nite
 স্মারক কিছ, কিনতে
 jāṛək kichu kinte

Не курите, пожалуйста
 n'i kur'it'i, pazhálusta
 Подождите, пожалуйста
 padazhd'it'i, pazhálusta
 Позовите, пожалуйста ...
 pazav'it'i, pazhálusta...
Включите (Выключите),
 пожалуйста
 fkl'uch'it'i (výkl'uch'it'i),
 pazhálusta

ЖЕЛАНИЕ, НАМЕРЕНИЕ

Я хочу пить
 ja khach'ú p'it'
Я голоден (Я хочу есть)
 ja gólad'in (ja khach'ú jes't')
 Мне хочется ...
 mn'e khóch'itsa ...

отдохнуть
 addakhnú't'
 купить что-нибудь
 на память
 kup'ít' shtó-n'ibut' na pá-
 m'it'

¹ ধূমপান বিলাসীদের জন্য জানানো প্রয়োজন যে সোভিয়েত ইউনিয়নে নির্দিষ্ট জায়গা ব্যতীত অন্যত্র কোথাও ধূমপান করা নিষেধ।

আমি ... যেতে চাই
ami ... jete cai

থিয়েটারে
thiɛtare

সার্কাসে
sarkase

সিনেমায়
sinemay

মিউজিয়ামে
miuziyame

আমি ... দেখতে চাই
ami ... dekh̄te cai

নতুন পত্রিকা
notun pottrika

এই অনুষ্ঠানটি
ei onuṣṭhan̄ṭi

শহর
ṣahor

আমি মিস্টার (মিসেস) ...-এর
সঙ্গে দেখা করতে চাই

ami miṣṭar (mises) ...-er ṣa-
ṣge dækh̄a korte cai

Я хочу пойти ...
ja khach'ú pajt'i ...

в театр
f t'játr

в цирк
f tsyrk

в кино
f k'inó

в музей
v muz'éy

Мне хочется посмотреть ...
mn'e khóch'itsa pasmat-
g'ét'...

новые журналы
nóvyi zhurnály

эту передачу
étu p'ir'idách'u

город
górat

Я хотел (хотела*) бы
встретиться с господином
(с госпожой) ...

ja khat'él (khat'éla) by
fstr'ét'itsa z gaspad'inam
(z gaspazhój)...

আপনার সঙ্গে আমার দেখা হলে
খুবই ভালো হত

apnar s̄ogge amar dækha ho-
le khubi bhālo hoto

Мне очень хотелось бы
встретиться с вами

mn'e óch'in' khat'élas' by
fstr'éít'sa s vám'i

অনুধাবন

হ্যাঁ

hã

বুঝি

bujhi

ঠিক [বলেছেন]

thik [bolechen]

বুঝেছি

bujhechi

আমি বুঝি না

ami bujhi na

[আপনি] কী বললেন?

[apni] ki bollen?

এর অর্থ কী?

er ortho ki?

আপনি কী বোঝাতে চাইছেন?

apni ki bojhatē caichen?

মাফ করবেন, ঠিক শুনতে পেলাম
না

maph korben, thik ſunte pe-
lam na

ПОНИМАНИЕ

Да

da

Понимаю

pan'imáju

Правильно

práv'il'na

Понятно

pan'átna

Я не понимаю

ja n'i pan'imáju

Простите, что вы
сказали?

prast'it'i, shto vy skazál'i?

Что это значит?

shto éta znách'it?

Что вы имеете в виду?

shto vy im'éit'i v v'idú?

Извините, я не расслышал
(не расслышала *)

izv'in'ít'i, ja n'i rasslýshal
(n'i rasslýshala)

একটু ধীরে বলুন

ekʃu dhire bolun

দয়া করে আর একবার বলুন

d̥a kore ar ækbar bolun

Говорите, пожалуйста,
медленнее

gavar'ít'i, pazhálusta, m'éd-
l'in'ije

Повторите, пожалуйста,
ещё раз

paftar'ít'i, pazhálusta, ish'ó
ras

আবেগান্ভূতি প্রকাশ

অনন্মোদন, প্রশংসা

চমৎকার!

comotkar!

উত্তম!

uttom!

অদ্ভূত!

adbhut!

[দারুণ] চমৎকার!

[darun] comotkar!

খুব সুন্দর!

khub sundor!

এটাই খুব ভালো!

eʃai khub bhalo!

**ВЫРАЖЕНИЕ
ЭМОЦИОНАЛЬ-
НОЙ РЕАКЦИИ**

**ОДОБРЕНИЕ,
ВОСХИЩЕНИЕ**

Прекрасно!

pr'ikrásna!

Очень хорошо!

óch'in' kharashó!

Изумительно!

izum'ít'il'na!

Замечательно!

zam'ich'át'il'na!

Очень красиво!

óch'in' kras'íva!

Вот это хорошо!

vot éta kharashó!

ভালোই হয়েছে!

bhaloi hoechel

আমার (আমাদের) ভাগ্য ভালো
amar (amader) bhaggo bhalo

আমি খুশি
ami khushi

কি সুন্দর জিনিস!
ki sundor jiniś!

আমি মুগ্ধ হয়েছি
ami mugdho hoechi

কি মজার ব্যাপার!
ki mōjar bæpar!

দুঃখ, অনুশোচনা প্রকাশ

কি দুঃখের কথা!
ki dukkher kōtha!

আমার (আমাদের) কপাল মন্দ
amar (amader) kōpal mōndo

কেমন অপ্রীতিকর কাণ্ড!
kæmon əprītikər kaṇḍ!

বড় দুর্ভাগ্যজনক!
bōṛo durbhaggojōnok!

Хорошо, что так
получилось!

kharashó, shto tak paluch'f-
las'

Мне (Нам) повезло
mn'e (nam) pav'izló

Я рад (рада *)
ja rat (ráda)

Какая красивая вещь!
kakája kras'ivaja v'esh'!

Я восхищён (восхищена *)
ja vaskh'ish'ón (vaskh'i-
sh'iná)

Как интересно!
kak in't'ir'ésna!

ОГОРЧЕНИЕ, СОЖАЛЕНИЕ

Как жаль!
kak zhal'!

Мне (Нам) не повезло
mn'e (nam) n'i pav'izló

Какая неприятность!
kakája n'ir'ijátnas't'!

Какое несчастье!
kakóje n'ish'ás't'je!

সহানুভূতি জ্ঞাপন

খুবই দঃখের কথা যে আপনি
অসুখে পড়েছেন!

khubi dukkher kōṭha je apni
o'jukhe porechen!

আজ কেমন অনুভব করছেন?

aj kæmən onubhōb korchen?

আপনাকে আগের চেয়ে ভালো
দেখাচ্ছে

apnake ager ceye bhālo de-
k'bacche

তাড়াতাড়ি সুস্থ হয়ে উঠুন!

taratarī jushtho hoe uṭhun!
মন খারাপ করবেন না

mən kharap korben na
দঃখ করবেন না

শান্ত হোন

ʃanto hon

উদ্ভিগ্ন হবেন না

udbigno hoben na

মনোবল হারাবেন না

mənobol haraben na

আমার (আমাদের) আন্তরিক

সহানুভূতি গ্রহণ করুন

amar (amader) antorik ʃaha-
nubhuti grohən korun

СОЧУВСТВИЕ, СОБОЛЕЗНОВАНИЕ

Как жаль, что вы забо-
лели!

kak zhal', shto vy zabal'éli!

Как вы сегодня себя чув-
ствуете?

kak vy s'ivódn'a s'ib'á
ch'ústvuit'i?

Вы взгляните лучше

vy výgl'id'it'i lútshy

Поправляйтесь скорее!

popravljájt'is' skaréje!

Не расстраивайтесь

n'i rasstráivajt'is'

Не огорчайтесь

n'i agarch'ájt'is'

Успокойтесь

uspakójt'is'

Не волнуйтесь

n'i valnújt'is'

Не падайте духом

n'i pádajt'i dúkham

Примите **моё** (наше) ис-
креннее соболезнование

pr'im'it'i majó (náshe) isk-
r'inn'ije sabal'éznavan'ije

আপনাকে আমার গভীর সমবেদনা
জানাচ্ছি
apnake amar gobhir śomobe-
dona janacchi

বিস্ময় প্রকাশ

এটা আসলেই অপ্রত্যাশিত!
eṭa aś'lei oprottæṣ'ito!
অবাক কাণ্ড!
obak kaṇḍo!
তাই নাকি!
tai naki!
আমি হতবাক
ami hotobak
বড় অদ্ভুত ব্যাপার!
boṛo oḍbhut bæpar!
অবিশ্বাস্য!
obisśaśśo!
আশ্চর্য!
aś'coṛjjo!

সংকটাবস্থা, দঃশিচিন্তাবোধ

আমি বড় জটিল (বেখাপ্পা)
অবস্থায় পড়েছি
ami boṛo joṭil (bekhappa)
obosthay poṛechi

Я глубоко сочувствую вам
ja glubakó sach'ústvuju vam

УДИВЛЕНИЕ

Вот это сюрприз!
vot éta s'urpr'is!
Какая неожиданность!
kakája n'iazhýdannas't'
Что вы говорите!
shto vy gavar'ítíl
Я поражён (поражена *)
ja parazhón (parazhyná)
Это очень странно!
éta óch'in' stránnal
Это невероятно!
éta n'iv'irajátna!
Это удивительно!
éta ud'iv'it'il'na!

ЗАТРУДНЕНИЕ, БЕСПОКОЙСТВО

Я попал (попала *) в тя-
жёлое (в неловкое) поло-
жение
ja papál (papála) f t'izhólajə
(v nilófkaje) palazhén'ije

কী করা যায়?

ki kora jay?

এটা আমাকে চিন্তায় ফেলেছে
eṭa amake cintay pheleche

এটা আমাকে উদ্ভিন্ন করে তুলেছে
eṭa amake udbigno kore tu-
leche

আমার পক্ষে এটা অস্বস্তিকর
amar pokkhe eṭa oṣṣostikor

Что же делать?

shto zhe d'elat'?

Это меня беспокоит
éta m'in'á b'isprakóit

Это меня тревожит
éta m'in'á tr'ivózhyt

Мне это неприятно
mn'e éta n'iprijátna

পরিচয় পর্ব

[আসুন] পরিচয় করা যাক

[aʃun] poricɔy kora jak

আমার নাম ...

amar nam ...

এই নিন, আমার ভিজিটিং কার্ড

ei nin, amar viziṭiṅ karḍ

পরিচিত হয়ে খুশি হলাম

poricito hoe khujī holam

[পরিচিত হওয়ায়] খুব ভালো
লাগছে

[poricito hɔway] khub bhālo
lagche

আপনার সঙ্গে পরিচয়ের ইচ্ছে

আমার অনেক দিনের

apnar ŝaṅge poricɔyer icche
amar onæk diner

আপনার কথা অনেক শুনিয়েছি

apnar kotha onæk ŝunechi

ЗНАКОМСТВО

Разрешите представиться

razr'ishýt'i pr'itstáv'itsa

Меня зовут ...

m'in'á zavút ...

Вот моя визитная карточка

vot majá v'iz'itnaja kárta-
ch'ka

Рад (рада *) с вами по-
знакомиться

rat (ráda) s vām'i paznakó-
m'itsa

Очень приятно [познако-
миться]

óch'in' pr'ijátna [paznakó-
m'itsa]

Я давно хотел (хотела *)
познакомиться с вами

ja davnó khat'él (khat'éla)
paznakóm'itsa s vām'i

Я много слышал (слыша-
ла *) о вас

ja mnóga slýshal (slýshala)
a vás

আপনার নাম ও পদবী বলবেন কি ?	Скажите, пожалуйста, как ваше имя и фамилия?
apnar nam o padobi bolben ki?	skazhýt'i, pazhálusta, kak váshe im'a i fam'il'ija?
অনুগ্রহ পূর্বক ... আপনার পদবী লিখুন	Напишите, пожалуйста, вашу фамилию ...
onugroho purbók ... apnar padobi likhun	nap'ishýt'i, pazhálusta, váshu fam'il'iju ...
রুশ অক্ষরে ruʃ ɔkkhɔre	русскими буквами rúsk'im'i búkvam'i
বাংলা অক্ষরে bangla ɔkkhɔre	бенгальскими буквами b'ingál'sk'im'i búkvam'i
ইংরেজি অক্ষরে ijreji ɔkkhɔre	английскими буквами angl'ísk'im'i búkvam'i
আপনাকে ... পরিচয় করিয়ে দিই	Разрешите познакомить вас ...
apnake ... poricɔy korie dii	razr'ishýt'i paznakóm'it' vas ...
আমার বন্ধুর সঙ্গে amar bondhur ʃɔŋge	с моим другом s maím drúgam
আমার স্বামীর সঙ্গে amar ʃamir ʃɔŋge	с моим мужем s maím múzhym
আমার স্ত্রীর সঙ্গে amar strir ʃɔŋge	с моей женой s majéj zhynój
...সঙ্গে আমার পরিচয় করিয়ে দিন	Представьте меня, пожалуйста ...
... ʃɔŋge amar poricɔy korie din	pr'itstáf't'i m'in'á pazhálusta ...

ভাষা প্রসঙ্গে

দুঃখের বিষয়, আমি রুশ (বাংলা)
জানি না

dukkher biṣoy, ami ruṣ (baṅ-
la) jani na

আপনি কি ... বলেন?
apni ki ... bolen?

রুশ

ruṣ

বাংলা

baṅla

হিন্দি

hindi

ইংরেজি

iṅreji

হ্যাঁ, কিছদ্ব কিছদ্ব বলি
hāi, kichu kichu boli

না, বলি না
na, boli na

আমি রুশ (বাংলা) শিখছি

ami ruṣ (baṅla) śikhchi

আমি কিছুটা ... পড়তে
(বলতে) পারি

ami kichuṭa ... porṭe (bolte)
pari

ЯЗЫК

Жаль, что я не знаю
русского (бенгальского)
языка

zhal', shto ja n'i znāju rús-
kava (b'ingál'skava) jizyká

Говорите ли вы ...?
gavar'it'i l'i vy ...?

по-русски

pa-rúsk'i

по-бенгальски

pa-b'ingál'sk'i

на хинди

na kh'in'd'i

по-английски

pa-angl'isk'i

Да, немного говорю
da, n'imnóga gavar'ú

Нет, не говорю
n'et, n'i gavar'ú

Я изучаю русский (бен-
гальский) язык

ja izuch'āju rúsk'ij (b'ingá-
l'sk'ij) jizýk

Я немного читаю (гово-
рю) ...

ja n'imnóga ch'itáju (gava-
r'ú) ...

রুশ русь	по-русски pa-rúsk'i
বাংলা baᅇla	по-бенгальски pa-b'ingál'sk'i
হিন্দি hindi	на хинди na kh'in'd'i
উর্দু urdu	на урду na urdú
ইংরেজি iᅇreji	по-английски pa-angl'ísk'i
আমি শুধু রুশ (বাংলা) বলি ami šudhu ruś (baᅇla) boli	Я говорю только по-русски (по-бенгальски) ja gavar'ú tól'ka pa-rúsk'i (pa-b'ingál'sk'i)
আমার পক্ষে (কাছে) ... বেশ কঠিন amar pokkhe (kache) ... beś koᅇhin	Для меня трудно ... dl'a m'in'a trudna ...
রুশ উচ্চারণ русь уссарон	русское произношение rúskaje praiznashén'ije
বাংলা উচ্চারণ baᅇla:ussarон	бенгальское произношение b'ingál'skaje praiznashén'ije
ইংরেজি উচ্চারণ iᅇreji уссарон	английское произношение angl'ískaje praiznashén'ije

আমার খারাপ উচ্চারণের জন্যে মফ করবেন	Извините моё плохое про- изношение
amar kharap uccharoner jonne map ^h korben	izv'in'it'i majó plakhóje praignashén'ije
আপনি কি আমাকে বুঝতে পারছেন?	Вы меня понимаете?
apni ki amake bujhte parchen?	vy m'in'á pan'imáit'i?
আমি বুঝছি না	Я не понимаю
ami bujhchi na	ja n'i pan'imáju
দয়া করে আবার বলুন	Повторите, пожалуйста
dāa kore abar bolun	paftar'it'i, pazhálusta
একটু ধীরে বলুন	Говорите, пожалуйста, медленнее
ekṭu dhire bolun	gavar'it'i, pazhálusta, m'éd- l'in'ije
রুশ (বাংলা) ভাষায় এটাকে কী বলে?	Как это называется по- русски (по-бенгальски)?
ruṣ' (banla) bhaṣay eṭake ki bole?	kaḱ éta nazýváiṭsa ra-rúsk'i (pa-b'ingál'sk'i)?
এই শব্দটির অর্থ কী?	Что означает это слово?
ei ṣabdōṭir ortho ki?	shto oznach'áit éta slóva?
এই শব্দটি কিভাবে পড়া হয়?	Как читается это слово?
ei ṣabdōṭi kibhabe porā hoy?	kaḱ ch'itáitṣa éta slóva?
এটা ... লিখুন	Напишите это, пожалуйста- ста ...
eṭa ... likhun	nap'ishýt'i éta, pazhálusta ...
রুশীতে	по-русски
ruṣite	pa-rúsk'i

বাংলায়	по-бенгальски
baɳlay	pa-b'ingál'sk'i
ইংরেজিতে	по-английски
igrejite	pa-angl'ísk'i
অনুবাদককে ডাকুন	Пригласите, пожалуйста, переводчика
onubadəkke ɖakun	priglas'it'i, pazhálusta, p'i- r'ivótch'ika
... অনুবাদ করে দিন	Переведите, пожалуйста- ста ...
... onubad kore din	p'ir'iv'id'it'i, pazhálusta ...
এই চিরকুটটি	эту записку
ei cirkuṭṭi	étu zap'ísku
এই চিঠিটি	это письмо
ei ciṭhiṭi	éta p'is'mó
এই নিমন্ত্রণপত্রটি	это приглашение
ei nimānṭraṇpatṭroṭi	éta pr'iglashén'ije

চাকুরি, পেশা

আপনি কোথায় কাজ (চাকুরি)
করেন ?
apni kothay kaj (cakuri)
koren?

আপনি কী কাজ করেন ?
apni ki kaj koren?

আপনার পেশা কী ?
apnar peshā ki?

РАБОТА, ПРОФЕССИЯ

Где вы работаете (служи-
те)?

gd'e vy rabótait'i (slúzhyt'i)?

Кем вы работаете?
k'em vy rabótait'i?

Кто вы по профессии?
kto vy po praf'és's'ii?

আপনি কীসে বিশেষজ্ঞ?

apni ki'se bi'seʃag̃g̃õ?

আমি ... কাজ করি

ami ... kaj kori

কারখানায়

karkhanay

প্রতিষ্ঠানে

protiʃthane

স্কুলে

skule

সংবাদপত্রের সম্পাদকের দপ্তরে

ʃag̃badp̃t̃rer ʃampad̃ker
d̃pt̃ore

আমি ... চাকুরি করি

ami ... cakuri kori

ব্যাংকে

bæŋke

অফিসে

ophise

কোম্পানিতে

kompanite

ব্যবসা প্রতিষ্ঠানে

bæboʃa protiʃthane

আমি কৃষিক্ষেত্রে কাজ করি

ami kriʃikh̃etre kaj kori

Какая у вас специаль-
ность?

kakája u vas sp'itsyál'nas't'?

Я работаю ...

ja rabótaju ...

на заводе

na zavód'i

в учреждении

v uch'r'izhd'én'ii

в школе

f shkól'i

в редакции газеты

v r'idáktsyi gaz'éty

Я служу ...

ja sluzhú ...

в банке

v bánk'i

в конторе

f kantór'i

в компании

f kampán'ii

в торговой фирме

f targóvaj f'írm'i

Я работаю в сельском
хозяйстве

ja rabótaju f s'él'skam kha-
z'ájstv'i

আমি কাজ করি না
ami kaj kori na

আমি ছাত্র (ছাত্রী)
ami chattro (chattri)

আমি গৃহিণী
ami grihini

আমি এখন পেন্সন পাই
ami ekhon penṣon pai

আমি ...
ami

শ্রমিক (শ্রমিকা)
sromik (sromika)

চাকুরিজীবী
cakurijibi

কৃষক (কিষাণী)
kriṣṭak (kiṣani)

আমি ...
ami ...

হিসাবরক্ষক
hiṣabrokkḥṭak

টাইপিষ্ট
ṭaipist

শিক্ষক (শিক্ষয়িত্রী)
ṣikkḥṭak (ṣikkhoitri)

Я не работаю
ja n'i rabótaju

Я студент (студентка)
ja stud'ént (stud'éntka)

Я домашняя хозяйка
ja damáshn'aja khaz'ájka

Я на пенсии
ja na p'én's'ii

Я ...
ja ...

рабочий (работница)
rabóch'ij (rabót'n'itsa)

служащий (служащая)
slúzhash'ij (slúzhash'aja)

крестьянин (крестьянка)
kr'is't'ján'in (kr'is't'ján-ka)

Я ...
ja ...

бухгалтер
bugált'ir

машинистка
mashyn'istka

учитель (учительница)
uch'it'il' (uch'it'il'n'itsa)

চিকিৎসক	врач
cikitʃɔk	vrach'
ইন্‌জিনিয়ার (প্রকৌশলী)	инженер
injiniar (prokouʃoli)	inzhyun'ér
উকিল	адвокат
ukil	advakát
গবেষণা কর্মী	научный работник
gobeshona kormi	naúch'nyj rabót'n'ik
সাংবাদিক (সাংবাদিক)	журналист (журналист-ка)
ʃagbadik (ʃagbadika)	zhurnal'ist (zhurnal'istka)

বয়স, পরিবার, আত্মীয়স্বজন

ВОЗРАСТ, СЕМЬЯ, РОДСТВЕННИКИ

আপনাদের কি বড় পরিবার?

apnader ki bɔɾo poribar?

আমার পরিবারটি বেশ বড়

(ছোটো)

amar poribarṭi beʃ bɔɾo (cho-
to)

আপনাদের পরিবারে ক'জন লোক?

apnader poribare kojɔn lok?

আমি ছাড়া ... জন

ami chaɾa ... jɔn

У вас большая семья?

u vas bal'shája s'im'já?

У меня большая (неболь-
шая) семья

u m'in'á bal'shája (n'ibal'-
shája) s'im'já

Сколько человек в вашей
семье?

skól'ka ch'ilav'ék v váshyj
s'im'jé?

Кроме меня ... человек

króm'i m'in'á ... ch'ilav'ék

আমি বাবা-মা থেকে আলাদা বাড়িতে থাকি	Я живу отдельно от ро- дителей
ami baba-ma theke alada ba- rite thaki	ja zhyvú ad'd'él'na at ra- d'it'il'ij
আমার ভাই-বোনেরা বাবা-মা'র সঙ্গে থাকে	Мои братья и сёстры живут с родителями
amar bhái-bonera baba-mar ʃonge thake	mai brát'ja i s'óstry zhyvút s rad'it'il'am'i
আপনি কি বিবাহিত (বিবাহিতা)?	Вы женаты (замужем)?
apni ki bibahito (bibahita)?	vy zhyináty (zámuzhym)?
না, অবিবাহিত	Нет, не женат
na, obibahito	n'et, n'i zhyináty
না, অবিবাহিতা	Нет, не замужем
na, obibahita	n'et, n'i zámuzhym
হ্যাঁ, আমি বিবাহিত (বিবাহিতা)	Да, я женат (замужем)
há, ami bibahito (bibahita)	da, ja zhyináty (zámuzhym)
আপনার কয় ছেলেমেয়ে?	Сколько у вас детей?
apnar koy chelemeye?	skól'ka u vas d'it'éj?
আমার ছেলেমেয়ে নেই	У меня нет детей
amar chelemeye nei	u m'in'á n'et d'it'éj
আমার দুই সন্তান — এক ছেলে, এক মেয়ে	У меня двое детей — сын и дочь
amar dui śantan — ek chele, ek meye	u m'in'á dvóje d'it'éj — syn i doch'
তিনি আমার বাবার (মা'র) পক্ষের আত্মীয়	Он мой родственник по линии отца (матери)
tini amar babar (mar) pokkher attsá	on moj róstv'in'ik pa l'in'ii attsá (mát'ir'i)

তিনি আমার আত্মীয়া
tini amar attīa

আপনার বয়স কত?
apnar bōyōṅ kōto?

আমি ... সালে জন্মগ্রহণ করেছি

ami ... śale jōnmogrohōṅ ko-
rechi

আমরা দুজন একবয়সী
amra dujōṅ ækbōyōṅṅi

আপনি আমার চেয়ে তিন বছরের
ছেলে (বড়)

apni amar ceye tin bōchorer
choto (bōṅo)

Она моя родственница
aná majá rōtstv'in'itsa

Сколько вам лет?
skól'ka vam l'et?

Я родился (родилась *)
в ... году

ja rad'il'sa (rad'ilás') v ...
gadú

Мы с вами ровесники
my s vām'i rav'és'n'ik'i

Вы моложе (старше)
меня на три года

vy malózhny (stárshy) m'in'á
na tr'i góda

বাসগৃহ

আপনি কোথায় বাস করেন?
apni kothay baṅ kōren?

আমি ... বাস করি
ami ... baṅ kori

ঢাকায়
ḍhakay

কলকাতায়
kolkatay

মস্কোয়
mōskoy

ДОМ

Где вы живёте?
gd'e vy zhyv'ót'i?

Я живу ...
ja zhyvú ...

в Дакке
v dákk'i

в Калькутте
f kal'kút't'i

в Москве
v mōskv'é

আমি ... স্ট্রীটে বাস করি
ami ... striṭe baṣ kori

আপনাদের ফ্ল্যাটটি বেশ বড় কি?
apnader flæṭṭi beṣ bṛo ki?

আপনাদের ফ্ল্যাটে কি সব সুযোগ-
সুবিধা আছে?
apnader flæṭe ki ṣob ṣujog-
-subidha ache?

আপনাদের ফ্ল্যাটে ক'টি ঘর?
apnader flæṭe koṭi ghar?

ফ্ল্যাটভাড়া কত?
flæṭbhara koto?

... জন্যে মাসে কত দেন?

... jonne maṣe
koto den?

বিদ্যুতের
bidduter

টেলিফোনের
ṭelifoner

গ্যাসের
gæṣer

আপনাদের ফ্ল্যাটটি বেশ পরিপাটি
apnader flæṭṭi beṣ poripaṭi

Я живу на улице ...
ja zhyvú na úl'itsy...

У вас большая квартира?
u vas bal'shája kvart'íra?

У вас квартира со все-
ми удобствами?
u vas kvart'íra sa fs'émi
udópstvami?

Сколько комнат в вашей
квартире?

skól'ka kómnat v váshy
kvart'íri?

Какая квартплата?
kakája kvartpláta?

Сколько вы платите
за ... в месяц?

skól'ka vy plát'it'i za ... v
m'és'its?

электричество
el'iktr'ich'istva

телефон
t'il'ifón

газ
gas

У вас очень уютная квар-
тира
u vas óch'in' ujútnaja kvar-
t'íra

আপনাদের ফ্ল্যাটটি সরকারি নাকি
হাউজিং সোসাইটির?

apnader flætti ʃɔrkari naki
hauziŋ sosaitir?

এটা সরকারি না ব্যক্তিগত বাড়ি?

eṭa ʃɔrkari na bektiɡoto ba-
ṛi?

У вас квартира государ-
ственная или коопера-
тивная?

u vas kvart'ira gasudárstv'i-
naja il'i kaap'irat'ivnaja?

Этот дом частный или
государственный?

éat dom ch'ásnyj il'i gasu-
dárstv'inyj?

পর্যটন

পাসপোর্ট নিয়ন্ত্রণ

পাসপোর্ট নিয়ন্ত্রণ দপ্তর কোথায়?

pasporṭ niyontron dōptor
kothay?

এই নিন, আমার পাসপোর্ট
ei nin, amar pasporṭ

আমার সার্ভিস (কূটনৈতিক)
পাসপোর্ট
amar sarvis (kuṭnoitik) pas-
porṭ

আমার পাসপোর্টের নম্বর ...
amar pasporṭer nōmber ...

আমি ... নাগরিক
ami ... nagorik

ভারতের

bharōter

বাংলাদেশের

bangladeśer

সোভিয়েত ইউনিয়নের

sobhiyet iuniyōner

ПУТЕШЕСТВИЕ

ПАСПОРТНЫЙ КОНТРОЛЬ

Где паспортный кон-
троль?

gd'e páspartnyj kantról'?

Вот мой паспорт
vot moj páspart

У меня служебный (дип-
ломатический) паспорт
u m'in'á sluzhébnyj (d'ipla-
mat'ich'isk'ij) páspart

Номер моего паспорта ...
nóm'ir maivó pásparta ...

Я гражданин ...
ja grazhdan'in ...

Индии

ín'd'ii

Бангладеш

bangladésh

Советского Союза

sav'étskava sajúza

আমি ... থেকে [এসেছি]

ami ... theke [eʃechi]

ভারত

bharət

সোভিয়েত ইউনিয়ন

sobhiet iuniyon

বাংলাদেশ

baṅladeʃ

ভিসার নম্বর ...

visar nombor ...

... ভিসা দিয়েছে

... visa dieche

কলকাতাস্থ (চট্টগ্রামস্থ) সোভিয়েত
[ইউনিয়নের] কনসুলেট

kalkatasthō (cōṭṭogramsthō)
sobhiet [iuniyoner] kōn-
suleṭ

ভারতে (বাংলাদেশে) সোভিয়েত
[ইউনিয়নের] দূতাবাস

bharote (baṅladeʃe) sobhi-
yet [iuniyoner] dutabaʃ

সোভিয়েত ইউনিয়নে ভারতের
(বাংলাদেশের) দূতাবাস

sobhiet iuniyone bharoter
(baṅladeʃer) dutabaʃ

আপনাকে কতদিনের ভিসা দিয়েছে ?

Я [приехал (приеха-
ла*)] ...

ja [pr'ijékhal (pr'ijékhalā)]...

из Индии

iz ýnd'ii

из Советского Союза

is sav'étskava sajúza

из Бангладеш

iz baṅladésh

Номер визы ...

nóm'ir v'fzy ...

Виза выдана ...

v'fisa vúdana ...

Генконсульством СССР
в Калькутте (в Читта-
гонге)

g'enkónsul'stvam es-es-es-ér
f kal'kút't'i (f ch'ittagóng'i)

Посольством СССР в
Индии (в Бангладеш)

pasól'stvam es-es-es-ér v
in'd'ii (v baṅladésh)

Посольством Индии
(Бангладеш) в СССР

pasól'stvam ín'd'ii (baṅ-
gladésh) v es-es-es-ér

На какой срок вам вы-
дана виза?

apnake kotodiner visa dieche?	na kakój srok vam výdana v'íza?
আমি ভিসার মেয়াদ বাড়তে চাই ami visar meyad barate cai	Я хочу продлить визу ja khach'ú pradl'ít' v'ízu
আমি এখানে দুই (তিন) দিন থাকব ami ekhane dui (tin) din thakbo	Я пробуду здесь два (три) дня ja prabúdu z'd'es' dva (tr'i) dn'á
আমি ট্রানজিট হয়ে ... যাচ্ছি ami tranzit hoe ... jacchi	Я еду транзитом в ... ja jédu tran'z'ítam v ...
আমি পর্যটক ami porjoṭok	Я турист ja tur'íst
আমি ইন্টুরিস্টের পর্যটনে এসেছি ami inturister porjoṭone efechi	Я приехал (приехала *) по туру Интуриста ja pr'ijékhal (pr'ijékhala) pa túru intur'ísta
আমি ব্যবসা সংক্রান্ত কাজে এসেছি ami bæboṣa ŝṅkranto kaje efechi	У меня деловая поездка u m'in'á d'ilavája rajéstka
আমি কোম্পানির কাজে এসেছি ami kompanir kaje efechi	Я приехал (приехала *) по делам фирмы ja pr'ijékhal (pr'ijékhala) pa d'ilám f'írmy
আমি ... নিমন্ত্রণে এসেছি ami ... nimntrṇe efechi	Я приехал (приехала *) по приглашению ... ja pr'ijékhal (pr'ijékhala) pa pr'iglashén'iju ...
সোভিয়েত বিজ্ঞান একাডেমির sobhiyet biggæn ækaðemir	Академии наук СССР akad'ém'ii náuk es-es-es-ér

আফ্রো-এশীয় [দেশসমূহের সঙ্গে] সংহতি কমিটির	Комитета солидарности стран Азии и Африки
afro-eshio [deʃʃomuhər ʃo- nge] ʃoŋhoti komiṭir	kam'it'éta sal'idárnas't'i stran áz'ii i áfr'ik'i
সোভিয়েত-বাংলাদেশ মৈত্রী সমিতির	Общества дружбы СССР — Бангладеш
sobhiet-baglades̄ moitri ʃomitir	ópsh'istva drúzhby es-es- es-ér — bangladésh
সোভিয়েত-ভারত মৈত্রী সমিতির	Общества Советско- индийской дружбы
sobhiet-bharət moitri ʃomitir	ópsh'istva sav'étska-in'd'ij- skaj drúzhby
সোভিয়েত শান্তি কমিটির	Советского комитета за- щиты мира
sobhiet ʃanti komiṭir	sav'éstkago kam'it'éta za- sh'ity m'íra
... কোম্পানির	фирмы ...
... kompanir	f'írmy ...
... বিশ্ববিদ্যালয়ের (ইনস্টিটিউটের)	... университета (ин- ститута)
... biʃʃobiddæløyer (insti- ṭiṭer)	... un'iv'irs'il'éta (inst'i- túta)
আমি ... প্রতিনিধিদলের সদস্য হিসেবে এসেছি	Я приехал (приехала *) в составе ... делегации
ami... protinidhidler ʃadoʃʃo hiʃebe eʃechi	ja pr'ijékhal (pr'ijékhala) f sastáv'i ... d'il'igátsyi
ক্রীড়া	спортивной
kriṭa	spart'ivnaj
সাংস্কৃতিক	культурной
ʃaṅskritik	kul'túrnej

ট্রেড-ইউনিয়ন
tred-iuniyon
আমি ... অংশ নিতে এসেছি
ami ... ɔnʃo nite eʃechi

সিম্পোজিয়ামে
simpoziamе

সেমিনারে
seminare

কনফারেন্সে
konfarensе

профсоюзной
prafsajúznaj

Я приехал (приехала *)
для участия ...

ja pr'ijékhal (pr'ijékhala)
